

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কল্পে নৈতিকতা কমিটির মাসিক সভাঃ**

তারিখ : ০৮/০৯/২০২২খ্রিঃ

স্থান : সম্মেলন কক্ষ, বরিশাল সদর ফায়ার স্টেশন।

সভাপতি : জনাব মোঃ বেলাল উদ্দিন, সহকারী পরিচালক (ভাঃপ্রাঃ)।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। স্বাগত বক্তব্যে সভাপতি জনাব মোঃ বেলাল উদ্দিন, সহকারী পরিচালক (ভাঃপ্রাঃ) অত্র জেলার সক্ষমতা এবং সেবার মান বৃদ্ধি করার ক্ষেত্রে উত্তাবনী কর্মকান্ডে গুরুত্ব তুলে ধরেন এবং নৈতিকতা কমিটির দায়িত্বের প্রতি গুরুত্ব দেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কল্পে নৈতিকতা কমিটির ত্রৈমাসিক আলোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	মতামত ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	নৈতিকতা কমিটির আলোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ	<p>২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কল্পে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ সম্পর্কে সম্যক জ্ঞান থাকা আবশ্যিক। এ বিষয় গুলোর উপর প্রশিক্ষণ নিতে হবে। এপিএ টিমের প্রত্যেকজন সদস্য উক্ত কর্মকান্ডকে সফলভাবে তরান্নিত করতে সহয়তা করবে। সকল নৈতিকতা কমিটির সদস্যদের নিজ দায়িত্বে সংশ্লিষ্ট কার্যক্রমকে বেগবান করতে তৎপর থাকতে হবে।</p> <p>দাপ্তরিক কাজ সহজীকরন, কাজের মান বৃদ্ধি, কাজের নতুন কোন উত্তাবনীয় পদ্ধতি যার মাধ্যমে কাজ করলে কাজের মান সমুন্নত রেখে সময় ও শ্রম কম দিয়ে কাজটি সম্পূর্ণ করা সম্ভব, যা হবে অবশ্যই সময়াপোযোগী ও যেখানে থাকবে অনেক বেশী সর্বজন গ্রহণযোগ্যতা।</p> <p>অফিসের মধ্যে সুশাসন প্রতিষ্ঠাকল্পে সকলকে অফিসের নিয়মনীতি মেনে চলা, সহযোগীতা ভাবাপন্ন হওয়া, সকলের সাথে সৌহার্দপূর্ণ আচরন করা, উর্ধ্বতন কর্তৃপক্ষকে সম্মান, শ্রদ্ধা ও আনুগত্য স্বীকার করা, অধস্তন কর্মচারীদের প্রতি সহনশীল আচরন বজায় রাখা সর্বপরি অফিসে একটা সুস্থ পরিবেশ গড়ে তোলার প্রতি অরো বেশি যত্নশীল হওয়া। অফিস এর অভ্যন্তরীন পরিষ্কার-পরিচ্ছন্নতার দিকেও সমান ভাবে খেয়াল রাখা, অফিসের মধ্যে স্বাস্থের জন্য ক্ষতিকারক এমন কোন প্রকার দ্রব্য পান/সেবন না করা।</p> <p>নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করা, অফিস কর্তৃক অর্পিত দায়িত্বের প্রতি আন্তরিক হওয়া, পারলে অন্যের কাজে সহযোগীতা করা, আইন পরিপন্থি কোন কাজ না করা ইত্যাদি বিষয়ে নিজেকে শুদ্ধ রাখা।</p> <p>এছাড়া ও ঠিক সময় অফিসে আগমন করা ও অফিস ত্যাগ করা। অফিস ত্যাগ করার পূর্বে ব্যবহার্য প্রয়োজীয় সকল সরঞ্জামাদী যথাস্থানে গুছিয়ে রাখা। ইলেক্ট্রনিক্স পন্য বা দ্রব্য যেমন কম্পিউটার, স্ক্যানার, ফটো মেশিন, ফ্যাক্স মেশিন ইত্যাদি ঠিকঠাক বন্ধ হয়েছে কিনা, বিদ্যুৎ সংযোগের সুইচ বন্ধ করা হয়েছে কিনা এসব ভালো ভাবে দেখে নেয়া। এসব কাজের মধ্য দিয়ে নিজ নিজ অফিসে সুশাসন প্রতিষ্ঠায় সহায়তা করা। কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে এপিএ টিমের সকল সদস্যের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের কথা উল্লেখ করে সকলের প্রতি দায়িত্ব পালনে যত্নশীল হওয়ার আহ্বান জানিয়ে ফলপ্রসু কার্যক্রম বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।</p>	নৈতিকতা টিমের সদস্যবৃন্দ